গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
(সংস্থাপন শাখা)।
www.barguna.gov.bd

নং-০৫.১০.০৪০০.১০৬.০৯.০০৮.১৬.-২৯৩ তারিখ: ১৪ বৈশাখ ১৪২৩ / ২৭ এপ্রিল ২০১৬

বিষয় : "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক প্রশিক্ষণের জন্য বরাদ্দ প্রদান প্রসংগে।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.১০৩ তারিখ: ২৪ ডিসেম্বর ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকার জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার উপর গুরুত্বারোপ করেছে। প্রাথমিকভাবে জেলা/উপজেলা পর্যায়ের যে সকল কর্মকর্তা ইতঃপূর্বে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেননি, সে সকল কর্মকর্তার জন্য জেলা প্রশাসকের তত্ত্বাবধানে দু'দিন ব্যাপী "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করার নির্দেশনা প্রদানপূর্বক প্রশিক্ষণ কর্মসূচির একটি রূপরেখা সূত্রোক্ত স্মারকে পাওয়া গিয়েছে। জেলা প্রশাসনের প্রশিক্ষণ সংক্রান্ত বাজেট হতে উক্ত ব্যয় নির্বাহের জন্য বলা হয়েছে (কপি সংযুক্ত)। উক্ত প্রশিক্ষণে ০৮ জন প্রশিক্ষকের সম্মানী এবং ৫০ জন প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ ভাতা, নাস্তা, আনুসাঙ্গিক ব্যয়সহ ৬৫,০০০/- টাকা প্রয়োজন।

২। কালেক্টরেটের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অফিস ব্যবস্থাপনা/কম্পিউটার/আইসিটি বিষয়ক প্রশিক্ষণে ২০১৫-১৬ অর্থ বছরে ০৭৪২-জেলা প্রশাসন খাতের ৪৮৪০-প্রশিক্ষণ ব্যয় উপ-খাতে প্রাপ্ত বরাদ্দ ইতোমধ্যে ব্যয় করা হয়েছে।

এমতাবস্থায়, উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের সমন্বয়ে "নাগরিক সেবায় উদ্ভাবন" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার ব্যয় নির্বাহের লক্ষ্যে উক্ত খাতে ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হল।

সংযুক্তি: ফর্দ।

(ড. মহাঃ বশিরুল আলম)
জেলা প্রশাসক
বরগুনা।
ফোন: ০৪৪৮-৬২৫৬৬
dcbarguna@mopa.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব
বাজেট ও অডিট অধিশাখা।

অনুলিপি সদয় অবগতির জন্য।

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. বিভাগীয় কমিশনার, বরিশাল।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা
মন্ত্রিপরিষদ বিভাগ
গ্রহন ও প্রেরণ ইউনিট

অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
ডায়েরী নং-
তারিখঃ
উপসচিব (সুশাসন ও অভিঃ প্রতিকার ব্যবস্থাপনা)
উপসচিব (প্রঃ সংস্কার ও কর্মসম্পাদন ব্যবস্থাপনা)
উপসচিব (ই-গভর্ন্যান্স)
ব্যক্তিগত কর্মকর্তা
স্বাক্ষর